

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২০.২৫.৫১

বিষয়: ড্যাফোডিল ক্ল্যাসিক ওয়্যারস লিঃ নামক ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: ৬৬৫, তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ড্যাফোডিল ক্ল্যাসিক ওয়্যারস লিঃ অফিস ও কারখানা ঠিকানা: দেওয়ান বাড়ী, মসজিদ রোড, নামাপাড়া জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা:- আরএমজি/ইএক্সপি/০০০৬৭৭-১৯, তারিখ: ২১/১০/২০১৯ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: “তৈরি পোশাক (নীট)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে নিয়োক্ত ছক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	যান্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
“নীট”	তালিকা সংযুক্তি	১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মাত্র।	২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা মাত্র।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ড্যাফোডিল ক্ল্যাসিক ওয়্যারস লিঃ নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে উপরোক্ত ছক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তি: বর্ণনামতে।



৩১-০৭-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২০.২৫.৫১/১ (৫)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক এর শাখা, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ড্যাফোডিল ক্ল্যাসিক ওয়্যারস লিঃ অফিস ও কারখানা ঠিকানা: দেওয়ান বাড়ী, মসজিদ রোড, নামাপাড়া জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৫। ., অফিস কপি।



৩১-০৭-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক